

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৫১.০০.০০০০.৪২২.২২.০০১.১৫-১২৪

তারিখ: ০৩ এপ্রিল ২০১৬ খ্রি।

বিষয়: গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ/সংস্কার (টিআর/কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচির আওতায় সোলার হোম সিস্টেম, সোলার মিনি/মাইক্রো/ন্যানো গ্রীড়, সোর সেচ পাম্প, বায়োগ্যাস প্ল্যান্ট ও উন্নত চুলা প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকা।

১। ভূমিকা: গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-খাদ্যশস্য/নগদ টাকা) এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচির আওতায় ৫০% খাদ্যশস্য এবং প্রযোজ্য ক্ষেত্রে ৫০% নগদ টাকা স্কুল, কলেজ, মসজিদ, মাদ্রাসা, এতিমখানা, কমিউনিটি ক্লিনিক, হাট-বাজার, ইউনিয়ন পরিষদ ভবনসহ জনসমাগম হয় এমন স্থানে সোলার প্যানেল স্থাপন এবং পরিবার/ প্রতিষ্ঠান পর্যায়ে বায়োগ্যাস প্রকল্প বাস্তবায়ন সম্পর্কে প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২১.০৭.২০১৪ খ্রি. তারিখে ১৬৯(৮) নং স্মারকে নির্দেশনা জারী করা হয়। এ প্রেক্ষিতে ইতোমধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে ০৯/১২/২০১৪ খ্রি. তারিখে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) বিষয়ে জারীকৃত ৫১.০০.০০০০.৪২২.২২.০০২.১৩-২২৭ ও ৫১.০০.০০০০.৪২২.২২.০০২.১৩-২২৮ নং নির্দেশিকায় উক্ত বিষয়কে অন্তর্ভুক্ত করা হয়। কিন্তু সোলার প্যানেল ও বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন প্রকল্প গ্রহণ ও এর বাস্তবায়ন পক্ষতি টি.আর/ কাবিখা প্রচলিত প্রকল্প হতে ডিই। তাই গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-খাদ্যশস্য/নগদ টাকা) এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচির আওতায় প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে নিম্নোক্ত বাস্তবায়ন পক্ষতি অনুসৃত হবে।

২। প্রকল্পের প্রকার ভেদ: গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-খাদ্যশস্য/নগদ টাকা) এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচির আওতায় নিম্নোক্ত প্রকারের প্রকল্প গ্রহণ করা যাবেঃ

- ক) সোলার হোম সিস্টেম;
- খ) সোলার মিনি/মাইক্রো/ন্যানো গ্রীড়;
- গ) সোলার সেচ পাম্প;
- ঘ) বায়োগ্যাস প্ল্যান্ট;
- ঙ) উন্নত চুলা;

৩। এ কর্মসূচির আওতায় সোলার হোম সিস্টেম, সোলার মিনি/ মাইক্রো/ ন্যানো গ্রীড়, সোলার সেচ পাম্প, বায়োগ্যাস প্ল্যান্ট ও উন্নত চুলা স্থাপনের ক্ষেত্রেঃ

ক) শিক্ষা প্রতিষ্ঠান, কমিউনিটি ক্লিনিক, ধর্মীয় প্রতিষ্ঠান, এতিমখানা, হাট-বাজার, ইউনিয়ন পরিষদ ভবনসহ জনসমাগম হয় এমন স্থানসমূহ এবং দুঃস্থ পরিবার পর্যায়ের প্রকল্প অগ্রাধিকার পাবে;

খ) সোলার হোম সিস্টেম স্থাপন সংক্রান্ত প্রকল্প গ্রহণের ক্ষেত্রে পর্যাপ্ত ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সুবিধা নাই এমন অঞ্চল এবং আদর্শ গ্রাম/আশ্রয়ণ প্রকল্পসমূহ অগ্রাধিকার প্রাপ্ত হবে;

৪। প্রকল্প বাস্তবায়নকারী: দেশব্যাপী উন্নত মানের সোলার হোম সিস্টেম, সোলার মিনি/মাইক্রো/ন্যানো গ্রীড়, সোলার সেচ পাম্প, বায়োগ্যাস প্ল্যান্ট ও উন্নত চুলা স্থাপন করাসহ এর বিক্রয়োত্তর সেবা নিশ্চিতকরণের লক্ষে ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানী লিমিটেড (ইডকল) এর নবায়নযোগ্য শক্তি কর্মসূচির অধীনে কর্মরত সহযোগী সংস্থাসমূহের মধ্য হতে সক্ষমতা বিবেচনায় ইডকল কর্তৃক উপজেলা/পৌরসভা/ইউনিয়ন হতে প্রাপ্ত প্রকল্প যাচাই বাছাই করার নিমিত্তে গঠিত কমিটির সদস্য হবে এবং উক্ত প্রকল্প বাস্তবায়নে প্রয়োজনীয় সামগ্রী সরবরাহসহ কারিগরী সহযোগিতা প্রদান করবে। প্রকল্প বাস্তবায়ন কমিটি ও ইডকল কর্তৃক মনোনীত সংস্থার মধ্যে প্রকল্প বাস্তবায়নে বিষয়ে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক প্রনীত খসড়া অনুযায়ী একটি সমরোতাচুক্তি/অঙ্গীকার নামা স্বাক্ষরিত হবে (পরিশিষ্ট-১)।

৫। অর্থায়ন পক্ষতি: প্রকল্প প্রণয়নের সময় ৫ বৎসরের ফ্রি সার্ভিসসহ প্রকল্প ব্যয় নিরূপণ করা হবে। এ ধরণের প্রকল্প টিআর/কাবিখা কর্মসূচির অর্থায়নে বাস্তবায়িত হবে। প্রকল্প বাস্তবায়নকারী কর্তৃপক্ষ প্রকল্প ব্যয় পরিশোধের ক্ষেত্রে নিম্নরূপ পক্ষতি অনুসরণ করবেঃ

ক) প্রকল্প বাস্তবায়ন কমিটি কর্তৃক প্রকল্প বাস্তবায়নের পুরো উপজেলা নির্বাহী অফিসার ইডকল কর্তৃক মনোনীত সংস্থার অনুকূলে মোট প্রকল্প ব্যায়ের ৫০% অশ্রু হিসেবে প্রদান করবে;

অপর পাতা দ্রঃ

১০৩/১২/২০১৬

খ) প্রকল্পের সন্তোষজনক বাস্তবায়নক্রমে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার অনুকূলে মোট প্রকল্প ব্যয়ের ৩০% (ত্রিশ) পরিশোধ করবে;
গ) অবশিষ্ট ২০% (বিশ) অর্থ পরবর্তী (৫গোচ) বৎসর পর্যন্ত সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কর্তৃক
যৌথভাবে পরিচালিত একটি ব্যাংক হিসাবে সংরক্ষিত থাকবে। সন্তোষজনক বিক্রয়োন্তর সেবা নিশ্চিত করা সাপেক্ষে উক্ত
সংরক্ষিত অর্থ প্রকল্প বাস্তবায়ন সম্পর্কের তারিখ হতে প্রতি ১(এক) বৎসর পর মোট সংরক্ষিত অর্থের ২০% (বিশ) হারে ছাড়
করা হবে। জাতীয় রাজস্ব বোর্ডের এস.আর.ও নং ০৮.০১.০০০০.০৬৮.২৫.০৮০.১৪/ ২১৫(৪), তারিখঃ ০৯/০৫/২০১৫ মোতাবেক
কাবিখা ও টিআর কর্মসূচির অধীনে গৃহীত প্রকল্পের ক্ষেত্রে ভ্যাট বা কোন উৎসে মূল্য সংযোজন কর প্রযোজ্য হবে না।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক ০৯/১২/২০১৪ খ্রি. তারিখে জারীকৃত নির্দেশিকার অনুসৃত পদ্ধতিতে এ ধরনের প্রকল্প
গ্রহণ, বাছাই ও অনুমোদন করা হবে।

৬। প্রকল্প বাস্তবায়ন পদ্ধতিঃ যে সকল প্রতিষ্ঠান/ব্যক্তি/পরিবারকে এ কর্মসূচির আওতায় সোলার হোম সিস্টেম, সোলার
মিনি/মাইক্রো/ন্যানো শ্রীড, সোলার সেচ পাম্প, বায়োগ্যাস প্লান্ট ও উন্নত চুলাস্থাপনের জন্য নির্বাচন করা হবে সে সকল ক্ষেত্রে
উপযোগী সিস্টেম ডিজাইন ও প্রকল্প ব্যয় নির্ধারনের ক্ষেত্রে ইডকল মনোনীত সংস্থা প্রকল্প যাচাই-বাছাই উপ-কমিটিকে প্রযোজনীয়
সহায়তা প্রদান করবে।

ক) সোলার হোম সিস্টেমঃ শিক্ষাপ্রতিষ্ঠান, কমিউনিটি ক্লিনিক, ধর্মীয় প্রতিষ্ঠান, এতিমখানা, হাট-বাজার, ইউনিয়ন পরিষদ ভবনসহ
জনসমাগম হয় এমন স্থানে এবং দুঃস্থ পরিবার পর্যায়ে এধরণের সিস্টেম স্থাপন করা যেতে পারে। এছাড়া গ্রামীণ নিয়ন্ত্রণ আয়ের
মানুষের জন্য সোলার হোম সিস্টেম কর্মসূচি গ্রহণ করা যেতে পারে। একটি পরিবারের জন্য এধরনের একটি সিস্টেম ১০-৩০ ওয়াট
পিক পর্যন্ত হতে পারে। মসজিদ/ধর্মীয় উপসনালয়, এতিমখানা-এর জন্য ৫০-১০০ ওয়াট পিক এবং মাদ্রাসা, ইউনিয়ন পরিষদ,
কমিউনিটি ক্লিনিক, স্কুল, কলেজের জন্য ১০০-১,০০০ ওয়াট পিক পর্যন্ত সিস্টেম হতে পারে। প্রকল্পের জন্য প্রযোজ্য টেকনিক্যাল
স্পেসিফিকেশন (ইডকলের টেকনিক্যাল স্ট্যান্ডার্ড কমিটি কর্তৃক অনুমোদিত) পরিশিষ্ট- ২ অনুযায়ী হবে।

এ প্রকল্পের অধীনে স্থাপিত প্রতিটি সোলার হোম সিস্টেমের দর্শনীয় স্থানে “মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে
বিদ্যুৎ” কথাটি মুদ্রিত থাকতে হবে।

খ) সোলার মিনি/মাইক্রো/ন্যানো শ্রীড সিস্টেম স্থাপনঃ এ কর্মসূচির আওতায় কয়েকটি বাসা-বাড়ি, ছোট গ্রাম, হাট বাজার ইত্যাদি
স্থানে এ ধরনের সিস্টেম স্থাপন করা হবে। এ ধরনের সিস্টেম সাধারণত ১ কিলোওয়াট হতে ১০ কিলোওয়াট রেঞ্জের মধ্যে হতে
পারে। কাবিখা কর্মসূচির আওতায় বিদ্যুৎহীন এলাকা/গ্রামে এ ধরনের সিস্টেম স্থাপনের কথা বিবেচনা করা যেতে পারে। একটি
সিস্টেমের সমৃদ্ধ মূল্য টিআর/কাবিখা কর্মসূচি হতে প্রদেয় হবে। এরূপে বাস্তবায়িত প্রকল্পের মালিকানা ও ব্যবস্থাপনা সংশ্লিষ্ট
কমিউনিটির নিকট হস্তান্তরিত হবে। সহযোগী প্রতিষ্ঠান (পিও) এ ধরনের সিস্টেম স্থাপনের পর ৫ বছরের জন্য প্রকল্প ব্যবস্থাপনায়
কারিগরী সহায়তা ও বিক্রয়োন্তর সেবা প্রদান করবে। প্রকল্পের জন্য প্রযোজ্য টেকনিক্যাল স্পেসিফিকেশন (ইডকলের টেকনিক্যাল
স্ট্যান্ডার্ড কমিটি কর্তৃক অনুমোদিত) পরিশিষ্ট- ৩ অনুযায়ী হবে।

গ) সোলার সেচ পাম্প স্থাপনঃ কাবিখা কর্মসূচির আওতায় ডিজেল চালিত সেচ পাম্পের স্থলে সোলার সেচ পাম্প স্থাপন করা যেতে
পারে। কমিউনিটি ব্যবস্থাপনার মাধ্যমে সৌর চালিত সেচ পাম্প স্থাপন ও পরিচালনা করা যেতে পারে। প্রকল্পের সমৃদ্ধ মূল্যের অর্থে
টিআর/কাবিখা কর্মসূচি হতে প্রদান করা হবে। স্থাপন সম্পর্ক হওয়ার পর এরূপে বাস্তবায়িত প্রকল্পের মালিকানা ও ব্যবস্থাপনা
সংশ্লিষ্ট কমিউনিটির নিকট হস্তান্তরিত হবে। সহযোগী প্রতিষ্ঠান (পিও) এ ধরনের সিস্টেম স্থাপনের পর ৫ বছর পর্যন্ত প্রকল্প
ব্যবস্থাপনায় কারিগরী সহায়তা ও বিক্রয়োন্তর সেবা প্রদান করবে। প্রকল্পের জন্য প্রযোজ্য টেকনিক্যাল স্পেসিফিকেশন (ইডকলের
টেকনিক্যাল স্ট্যান্ডার্ড কমিটি কর্তৃক অনুমোদিত) পরিশিষ্ট- ৪ অনুযায়ী হবে।

ঘ) বায়োগ্যাস ও জৈবসার উৎপাদন প্লান্ট স্থাপনঃ টিআর/কাবিখা কর্মসূচির আওতায় যে সকল পরিবারের ৪-৫টি বা এর অধিক
সংখ্যক গবাদিপশু অথবা ২০০ বা তার অধিক লেয়ার মুরগী রয়েছে সে সকল পরিবারকে পারিবারিক পর্যায়ে রাগাৰ কাজে
ব্যবহারসহ জৈবসার উৎপাদনের জন্য বায়োগ্যাস প্লান্ট স্থাপনে সহায়তা প্রদান করা যেতে পারে। এছাড়া কমিউনিটি পর্যায়েও
বায়োগ্যাস প্লান্ট স্থাপন করা যাবে। প্লান্টের সমৃদ্ধ মূল্যের অর্থে টিআর/কাবিখা প্রকল্প কর্তৃক প্রদানের মাধ্যমে স্থাপন করা যাবে।

মাদ্রাসা/এতিমখানা/স্কুল/কলেজ-এর ছাত্রনিবাস থাকলে, উক্ত ছাত্র নিবাসের মনুষ্য বর্জ্য হতে বায়োগ্যাস উৎপাদন প্রকল্প গ্রহণকে
উৎসাহিত করা হবে।

অপর পাতা নং:

০৬০৮/২০১৪

এরূপে বাস্তবায়িত প্রকল্পের মালিকানা ও ব্যবস্থাপনা সংশ্লিষ্ট পরিবার বা প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর হবে। সহযোগী প্রতিষ্ঠান (পিও) এ ধরনের সিটেম স্থাপনের পর ৫ বছরের জন্য প্রকল্প ব্যবস্থাপনায় কারিগরী সহায়তা ও বিক্রয়ের সেবা প্রদান করবে। প্রকল্পের জন্য প্রযোজ্য টেকনিক্যাল স্পেসিফিকেশন (ইডকলের টেকনিক্যাল স্ট্যান্ডার্ড কমিটি কর্তৃক অনুমোদিত) পরিশিষ্ট- ৫ অনুযায়ী হবে।

৬) উন্নত চূলা স্থাপনায় গ্রামীণ মহিলা ও শিশুদের স্বাস্থ্যবুঝি কমানো এবং বনজ সম্পদ সংরক্ষণের লক্ষ্যে নিম্ন বিভেদের পরিবারকে টিআর কর্মসূচি হতে উন্নত চূলা সরবরাহ করা যেতে পারে। স্থাপিত চূলার সমৃদ্ধ মূল্য টিআর প্রকল্প হতে প্রদান করা হবে। ইডকল কর্তৃক মনোনীত সংস্থা এ সকল চূলা স্থাপন ও বিক্রয়ের সেবা প্রদান করবে। প্রকল্পের জন্য প্রযোজ্য টেকনিক্যাল স্পেসিফিকেশন (ইডকলের টেকনিক্যাল স্ট্যান্ডার্ড কমিটি কর্তৃক অনুমোদিত) পরিশিষ্ট- ৬ অনুযায়ী হবে।

৭) টিআর/কাবিখা প্রকল্পের অধিনে বাস্তবায়িতব্য বিভিন্ন প্রযুক্তির আনুমানিক মূল্য (সার্ভিস চার্জ সহ) পরিশিষ্ট- ৭ এ সংযুক্ত করা হল। এ মূল্য সময়ে সময়ে পরিবর্তনশীল। দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, দূর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্ট্রোডা) এবং ইডকল সমষ্টিয়ে গঠিত কমিটির মাধ্যমে সময়ে সময়ে এ মূল্য সংশোধনপূর্বক দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক তা মাঠ পর্যায়ের সংশ্লিষ্টগণকে অবহিত করা হবে।

৮। ইডকল-এর সহযোগী প্রতিষ্ঠান (পিও) কে কমিটিতে অন্তর্ভুক্তকরণঃ টিআর ও কাবিখা কর্মসূচির আওতায় নবায়নযোগ্য জ্বালানি ও বায়োগ্যাস প্লাট স্থাপন প্রকল্প সুষ্ঠুভাবে গ্রহণ ও বাস্তবায়নের নিমিত্তে দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক ০৯/১২/২০১৪ তারিখে জারীকৃত নির্দেশিকার ০৮ (ক),০৮(গ),০৮(ঙ),০৮(ছ) নং অনুচ্ছেদ মোতাবেক জেলা কর্গাধার কমিটি, উপজেলা গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটি, পৌরসভা এলাকা অবকাঠামো রক্ষণাবেক্ষণ কমিটি ও গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ ইউনিয়ন কমিটি গুলিতে সংশ্লিষ্ট এলাকার সোলার প্যানেল, বায়োগ্যাস ও উন্নত চূলা বিষয়ক ইডকল মনোনীত সহযোগী প্রতিষ্ঠান(পিও)-এর প্রতিনিধি সদস্য হিসাবে থাকবেন। ইডকল তার মনোনীত সহযোগী প্রতিষ্ঠান(পিও)-এর তালিকা জেলা ও উপজেলা প্রশাসনের নিকট সরবরাহ করবে। সংশ্লিষ্ট কমিটির সভাসমূহে ইডকল মনোনীত সদস্যের উপস্থিতি নিশ্চিত করতে হবে।

৯। পরিবীক্ষণ ও প্রতিবেদনঃ সোলার হোম সিস্টেম, সোলার মিনি/মাইক্রো/ন্যানো শ্রীড, সোলার সেচ পাম্প, বায়োগ্যাস পম্পান্ট ও উন্নত চূলা প্রকল্প গ্রহণ ও এর বাস্তবায়ন সঠিকভাবে সম্পন্নের লক্ষ্যে মন্ত্রণালয়, অধিদপ্তর, জেলা, উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ কর্তৃক পরিবীক্ষনের প্রচলিত পদক্ষেপ প্রকল্পের পাশাপাশি ইডকল-এর মাধ্যমেও এখরণের প্রকল্পগুলি পরিবীক্ষনের ব্যবস্থা থাকবে। প্রয়োজনে ইডকল যে কোন প্রকল্প পরিদর্শনসহ সংশ্লিষ্ট ইউনিয়ন ও উপজেলা প্রশাসনকে অবহিতকরণ পূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। উপজেলা কাবিখা/টিআর কমিটির পাশাপাশি ইডকল নিজস্ব তদারকি ব্যবস্থাপনার মাধ্যমে সোলার, বায়োগ্যাস ও উন্নত চূলা স্থাপন কার্যক্রম, মানসম্পন্ন যন্ত্রাদি ব্যবহার এবং বিক্রয়ের সেবা কার্যক্রম নিশ্চিত করবে।

উপজেলা তদারকি কমিটি:

১।	উপজেলা নির্বাহী অফিসার	আহবায়ক
২।	উপজেলা প্রকৌশলী	সদস্য
৩।	উপজেলা কৃষি অফিসার	সদস্য
৪।	উপজেলা প্রাণী সম্পদ অফিসার	সদস্য
৫।	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার	সদস্য
৬।	উপজেলা উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য	সদস্য
৭।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার	সদস্য-সচিব

৯ (ক) তদারকি কমিটির কার্যপরিধি:

- (১) কমিটি প্রতিমাসে কমপক্ষে একবার সভায় মিলিত হয়ে প্রকল্পের তদারকি পর্যালোচনা করবে এবং সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করবে।
- (২) প্রকল্প বাস্তবায়ন কমিটিকে কারিগরি সহায়তা ও পরামর্শ প্রদান করবে।
- (৩) গ্রামীণ অবকাঠামো সংস্কার/ রক্ষণাবেক্ষণ সংক্রান্ত উপজেলা কমিটিকে কাজের অগ্রগতি তদারকি বিষয়ে অবহিত করবে এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবে।

অপর পাতা দ্রঃ

১০। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ /সংক্ষার (টিআর/কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচির আওতায় সোলার হোম সিস্টেম, সোলার মিনি/মাইক্রো/ন্যানো গ্রীড়, সৌর সেচ পাম্প, বায়োগ্যাস প্ল্যান্ট ও উন্নত চুলা প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত মাসিক অগ্রগতির প্রতিবেদন পরবর্তীমাসে ১০ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার ও জেলা প্রশাসক নির্ধারিত ছকে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করবে। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে পূর্ববর্তী মাসের একিভূত অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে আবশ্যিকভাবে প্রেরণ করবে (পরিশিষ্ট- ৮, ৮(ক), ৮(খ) অনুযায়ী)।

১১। ইডকল কর্তৃক পরিবীক্ষনের সুবিধার্থে প্রকল্প গ্রহণ ও অনুমোদনের পর সংশ্লিষ্ট উপজেলা পরিষদ উক্ত প্রকল্পের একটি তালিকা ইডকল বরাবর প্রেরণ করবে। যেহেতু ইডকল তার অধীনস্থ ক্রেতা/ সুবিধাভোগীদের তথ্যসমূহ কেন্দ্রীয় ডেটাবেইজে সংরক্ষণের মাধ্যমে পরিবীক্ষণ ব্যবস্থাপনা সৃষ্টি করেছে, তাই ইডকল-এর চাহিদা মোতাবেক এ ধরণের তথ্য মাসিক ভিত্তিতে প্রেরণ করতে হবে। ইডকল উক্ত তথ্য সমন্বয়পূর্বক মাসিক প্রতিবেদন (স্রেডা কর্তৃক প্রণীত ছক অনুযায়ী) পরবর্তী মাসের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং টেকসই ও মবায়নযোগ্য ছালানি উন্নয়ন কর্তৃপক্ষ(স্রেডা) বরাবর প্রেরণ করবে।

১২। পরিপত্রের কার্যকারিভাবঃ এই পরিপত্র দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে ০৯/১২/২০১৪ খ্রি. তারিখে জারীকৃত ৫১,০০,০০০.৪২২.২২.০০২.১৩-২২৭ ও ৫১,০০,০০০.৪২২.২২.০০২.১৩-২২৮ নং নির্দেশিকার অতিরিক্ত হিসেবে সোলার হোম সিস্টেম, সোলার মিনি/মাইক্রো/ন্যানো গ্রীড়, সৌর সেচ পাম্প, বায়োগ্যাস প্ল্যান্ট ও উন্নত চুলা স্থাপন সংক্রান্ত প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

১৩। উক্ত ২টি পরিপত্রের অনুবৃত্তিক্রমে এই নির্দেশিকা জারী করা হলো। ইহা অবিলম্বে কার্যকর হবে। ১২ নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশিকার প্রেক্ষিতে ইতোপূর্ব গৃহীত প্রকল্পসমূহের অসম্পূর্ণ অংশ বাস্তবায়নে এই নির্দেশিকা প্রযোজ্য হবে না।

স্বাক্ষরিত/-

(মোঃ শাহু কামাল)

সচিব


দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

নং-৫১,০০,০০০.৪২২.২২.০০১.১৫-১২৪

তারিখঃ ০৩ এপ্রিল ২০১৬ খ্রি।
২০ চৈত্র ১৪২২ ব.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, স্বাস্থ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৬। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ভবন, ১২-১৩ মহাখালী বা/এ, ঢাকা।
- ৭। বিভাগীয় কমিশনার (সকল), ঢাকা/চট্টগ্রাম/রংপুর/রাজশাহী/ সিলেট/ খুলনা/ বরিশাল/ ময়মনসিংহ বিভাগ।
- ৮। জেলা প্রশাসক.....(সকল)।
- ৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। সিস্টেম এ্যানালিস্ট, আইসিটি সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। তাঁকে নির্দেশনাটি ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো।
- ১২। অতিঃ সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মোঃ ইসমাইলহোসেন)

উপসচিব (ত্রাণ-২)

ফোন নং-৯৫৪০১৪৩

dsreliefprog2@modmr.gov.bd